অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/7/2023 **গভর্নর ক্যাথি হোকল**

আফিমজাত পণ্যের আসক্তির চিকিৎসার উদ্ভাবনমূলক কর্মসূচিগুলোর জন্য ৪.6 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ করা সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

এই তহবিল আফিমজাত পণ্য ব্যবহার সংক্রান্ত সমস্যা মোকাবেলার জন্য পণ্যের অ্যাক্সেস বৃদ্ধি করার জন্য তৈরি 18টি পর্যন্ত বহির্বিভাগের রোগীদের জন্য সমন্বিত একীভূত চিকিৎসা কর্মসূচিকে সহায়তা করবে

অনুদানগুলো নিউ ইয়র্ক স্টেটের আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের মাধ্যমে প্রদান করা হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট জুড়ে আফিমজাত পণ্য ব্যবহার সংক্রান্ত সমস্যা মোকাবেলার জন্য বহির্বিভাগের রোগীদের জন্য সমন্বিত একীভূত চিকিৎসা কর্মসূচি উন্নয়নের জন্য ৪.6 মিলিয়ন ডলারেরও বেশি লভ্য হওয়ার কথা ঘোষণা করেছেন। স্টেটের অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস (Office of Addiction Services and Supports) কর্তৃক বরাদ্দকৃত এই তহবিল 18টি পর্যন্ত সেবা প্রদানকারীকে এসব উদ্ভাবনমূলক কর্মসূচি প্রতিষ্ঠায় তাদের প্রচেষ্টাগুলোতে সহায়তা করবে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের মাধ্যমে প্রদানকৃত সর্বসাম্প্রতিক অনুদান।

"বহু নিউ ইয়র্কবাসীর মতোই, আফিমজাত পণ্যের আসক্তির ব্যাধির কারণে পরিবারের কোনো সদস্যকে হারিয়ে ফেলার অনুভূতি কেমন হতে পারে তা আমার জানা আছে," **বলেছেন গভর্নর হোকল।** "বহির্বিভাগের রোগীদের জন্য এসব উদ্ভাবনমূলক চিকিৎসা কর্মসূচি আমাদের পরিষেবাগুলো ব্যাপকভাবে সম্প্রসারণ ও উন্নত করার জন্য এবং এই মহামারী অসংখ্য নিউ ইয়র্কবাসীর জন্য যে ক্ষতির কারণ হয়েছে তা মোকাবেলা করার জন্য আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের অর্থ কাজে লাগাবে।"

বহির্বিভাগের রোগীদের জন্য সমন্বিত একীভূত চিকিৎসা কর্মসূচিগুলো ব্যক্তি-কেন্দ্রিক সমন্বিত পরিষেবাসমূহ অ্যাক্সেস করার আরো বেশি সুযোগ প্রদান করে, যার মধ্যে আফিমজাত পণ্য ব্যবহারের সমস্যার জন্য ওষুধের মাধ্যমে চিকিৎসা অন্তর্ভুক্ত রয়েছে, এবং নিউ ইয়র্ক স্টেটে একীভূত চিকিৎসার জন্য চলমান প্রয়োজনীয়তা মোকাবেলা করার জন্য একটি নতুন উদ্যোগ। এসব কর্মসূচি মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যার জন্য চিকিৎসা গ্রহণ করতে চাওয়া নিউ

ইয়র্কবাসীদের জন্য এক জায়গায় একাধিক পরিষেবা অ্যাক্সেস করা সহজতর করার জন্য তৈরি করা হয়েছে।

অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস এন্ড সাপোর্টস-এর কমিশনার শিনাজো কানিংহ্যাম বলেন, "আফিমজাত পণ্য ব্যবহার সংক্রান্ত সমস্যার জন্য ওষুধের মাধ্যমে চিকিৎসা করা নিরাপদ ও কার্যকর এবং আসক্তিতে আক্রান্ত লোকজনের সার্বিক স্বাস্থ্য ও সুস্থতা রক্ষায় সহায়তা করে বলে প্রমাণ পাওয়া গেছে। এসব সমন্বিত একীভূত কর্মসূচি প্রতিষ্ঠা করা একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার এবং এটি আরো বেশি মানুষকে তাদের স্বল্প ও দীর্ঘ-মেয়াদী আরোগ্যলাভের জন্য অতি গুরুত্বপূর্ণ সহায়তা অ্যাক্সেস করতে সাহায্য করবে।"

স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) ভারপ্রাপ্ত কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "আফিমজাত পণ্যের মহামারী অনেক বেশি মানুষের জীবন কেড়ে নিয়েছে। সব নিউ ইয়র্কবাসী সহানুভূতিসম্পন্ন সেবা ও চিকিৎসায় অ্যাক্সেস পাওয়ার অধিকার রাখে এবং এসব কর্মসূচি জীবন রক্ষা করবে। আফিমজাত পণ্যে আসক্তির সমস্যা নিয়ে সংগ্রামে লিপ্ত ব্যক্তিরা যাতে আরোগ্যলাভের পথে এগিয়ে যাওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানসমূহ পেতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার জন্য তার অব্যাহত অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

বিদ্যমান একীভূত কর্মসূচিগুলোতে সহায়তা করার জন্য, বিদ্যমান আফিমজাত পণ্যের চিকিৎসা এবং বহির্বিভাগের রোগীদের কর্মসূচিগুলো সম্মিলিত করার জন্য, অথবা নতুন একীভূত কর্মসূচি তৈরি করার জন্য সেবা প্রদানকারীরা তহবিল পাওয়ার আবেদন করতে পারবে। আবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ জানানোর একটি প্রক্রিয়ার মাধ্যমে তহবিল বরাদ্দ দেওয়া হবে।

নিউ ইয়র্ক স্টেট আফিমজাত পণ্য প্রস্তুতকারকদের সঙ্গে সম্পাদিত বিভিন্ন সেটেলমেন্ট চুক্তির মাধ্যমে 2 বিলিয়ন ডলারেরও বেশি অর্থ লাভ করবে। এসব সেটেলমেন্ট থেকে পাওয়া অর্থের একটি অংশ সরাসরি মিউনিসিপ্যালিটিগুলোর কাছে চলে যাবে, এবং অবশিষ্ট অংশ চলমান আফিমজাত পণ্যের মহামারী মোকাবেলার জন্য প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি কমানো, এবং আরোগ্যলাভের প্রচেষ্টাসমূহে সহায়তা করার জন্য নিবেদিত একটি তহবিলে জমা রাখা হবে।

এই নিবেদিত তহবিল যে আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়েছে সেই আইন আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের পরামর্শদাতা বোর্ডও তৈরি করেছে, যেটির কাজ হচ্ছে সেটেলমেন্ট হিসেবে পাওয়া অর্থ যাদের প্রয়োজন রয়েছে তাদেরকে সবচেয়ে ভালোভাবে সেবা প্রদান করার জন্য কিভাবে ব্যবহার করা যায় সে ব্যাপারে পরামর্শ প্রদান করা। বোর্ডের সদস্যরা 1 নভেম্বর তারিখে ক্ষতি কমিয়ে আনার পরিষেবাসমূহ ও চিকিৎসাকে শীর্ষ অগ্রাধিকার হিসেবে শনাক্ত করে তাদের প্রথম সুপারিশ ইস্যু করেছেন।

স্টেটের স্বাস্থ্য বিভাগ কর্তৃক প্রকাশিত একটি রিপোর্টের তথ্য অনুযায়ী, 2021 সালে নিউ ইয়র্ক আফিমজাত পণ্যের সাথে সম্পর্কিত মৃত্যু মোকাবেলার জন্য সংগ্রামে লিপ্ত থেকেছে, যেখানে স্টেটজুড়ে অধিকাংশ ওভারডোজজনিত মৃত্যুর ক্ষেত্রে এখন ফেনটানিলের সম্পৃক্ততা পাওয়া যাচ্ছে। অন্যান্য মুখ্য আবিষ্কারগুলি হলো:

- আফিম সম্পর্কিত 4,766টি ওভারডোজ মৃত্যু, যা গত বছর থেকে 14 শতাংশ বেশি।
- আফিম ওভারডোজের কারণে 10,430 আউটপেশেন্ট জরুরি বিভাগে আগমন, যা গত বছর থেকে 12.6 শতাংশ বেশি।
- জরুরি মেডিকেল সেবা কর্তৃক ন্যালোক্সন প্রদানের 19,139টি ঘটনা, যা গত বছর থেকে 11.8 শতাংশ বেশি।

স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্দেজ বলেন, "আফিমজাত পণ্য ব্যবহার সংক্রান্ত সমস্যা নিয়ে সংগ্রামে লিপ্ত মানুষদের জন্য পরিষেবা ও সংস্থানসমূহ বৃদ্ধি করা আমাদের জন্য অপরিহার্য, এবং বহির্বিভাগের রোগীদের জন্য এসব সমন্বিত চিকিৎসা কর্মসূচির জন্য সম্প্রতি বরাদ্দ করা এসব তহবিলের মাধ্যমে আমি আত্মবিশ্বাসী যে গভর্নর এই বিষয়ে অঙ্গীকারাবদ্ধ রয়েছেন। আফিমজাত পণ্যের সেটেলমেন্ট তহবিলের সঠিক ব্যবহার হচ্ছে এধরনের ব্যক্তি-কেন্দ্রিক কর্মসূচিগুলো সরবরাহ করা, যেগুলো জীবন-রক্ষাকারী ওষুধ কাজে লাগিয়ে থাকে।"

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজের মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে, এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি কমিয়ে আনা, ও নিরাময় সেবা সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের মধ্যে শীর্ষস্থানীয় অবস্থান নিয়েছে। স্টেট প্রথাগত সেবার প্রাপ্যতা সম্প্রসারণ করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট, ও আবাসিক চিকিৎসা কর্মসূচি, এবং সেইসাথে আসক্তির চিকিৎসার জন্য ওষুধ, মোবাইল চিকিৎসা, ও পরিবহন সেবাসমূহ।

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট হেরোইন অ্যান্ড অপিওয়েড টাস্ক ফোর্সের (NYS Heroin and Opioid Task Force) সদস্য ছিলেন, যা 2016 সালে নতুন, প্রথাগত নয় এমন পরিষেবার সুপারিশ করে, যার মধ্যে আছে নিরাময় কেন্দ্র, তরুণদের ক্লাবহাউস, সম্প্রসারিত পিয়ার পরিষেবা, ওপেন অ্যাক্সেস কেন্দ্র, যা তাৎক্ষণিক মূল্যায়ন এবং সেবাপ্রাপ্তির রেফারেল প্রদান করে। পরবর্তীতে এই সেবাগুলি স্টেটের বহু কমিউনিটিতে স্থাপন করা হয়েছে এবং মানুষকে তাদের আবাসস্থলের কাছেই প্রয়োজনীয় সেবা পেতে সহায়তা করেছে।

আসক্তির সমস্যায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীরা, অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনে-24-ঘণ্টা সপ্তাহে-7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে
যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

যদি আপনি, অথবা আপনার কোনো প্রিয়জন চিকিৎসার জন্য বিমা সংক্রান্ত প্রতিবন্ধকতার সম্মুখীন হন অথবা কোনো প্রত্যাখ্যাত দাবির জন্য আপিল জমা দেয়ার ক্ষেত্রে সাহায্যের প্রয়োজন হয়, তাহলে 888-614-5400 নম্বরে ফোন করে অথবা ombuds@oasas.ny.gov ঠিকানায় ইমেইল করে CHAMP হটলাইনে যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418